প্রথম আলো

তারিখ: 20 JUL 2016
পৃষ্ঠা: ... কলাম: ...

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্বাস্থ্য অধিদপ্তর**
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

স্মারক নং-স্বাঃ অধিঃ/চিঃসহাঃ/ম্যাটস-আইএইচটি-ভর্তি/২০১৬-২০১৭/৫০০ তারিখ : ১১-০৭-২০১৬

# ভর্তি বিজ্ঞপ্তি

**বিষয়: ২০১৬-২০১৭ ইং শিক্ষা বর্ষে মেডিক্যাল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (MATS) ও ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (IHT)তে ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি। প্রকাশ থাকে যে সরকারি/বেসরকারি ইনস্টিটিউটে ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীর জন্য এই পরীক্ষা বাধ্যতামূলক।**

২০১৬-২০১৭ ইং শিক্ষা বর্ষে স্বাস্থ্য অধিদপ্তরের অধীন বাগেরহাট, কুষ্টিয়া, নোয়াখালী, সিরাজগঞ্জ, টাঙ্গাইল, কুমিল্লা, ফরিদপুর ও ঝিনাইদহে অবস্থিত ৮টি মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (MATS) এ ৩(তিন) বৎসর মেয়াদী কোর্স+০১ (এক) বৎসর ইন্টার্ণশীপসহ ডিপ্লোমা কোর্স এবং ৮টি ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (IHT) ঢাকা, রাজশাহী, বগুড়া, চট্টগ্রাম, বরিশাল, রংপুর, ঝিনাইদহ ও সিলেটে ৩(তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি কোর্সের বিভিন্ন অনুষদে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলীসহ দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

০১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২. একযোগে অভিন্ন প্রশ্নপত্রের মাধ্যমে সরকারি এবং বেসরকারি IHT ও MATS এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০৩. ভর্তির যোগ্যতা : ২০১২ থেকে ২০১৬ ইং সনে এসএসসি/সমমান বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ ন্যূনতম জিপিএ ২.৫ (পয়েন্ট) অর্জন করতে হবে। জীববিজ্ঞান বিষয় অবশ্যই থাকতে হবে।

০৪. O-Level বা বিদেশ থেকে পাশ করেছেন যেসব প্রার্থী, তাদেরকে Director, Medical Education এর কাছ থেকে ২০০০/- টাকার পে-অর্ডার দিয়ে Equivalence Certificate ও ID Code সংগ্রহ করতে হবে। এটা ছাড়া ফরম পূরণ করা যাবে না। বিভাগীয় প্রার্থীরা পূর্বেই Director, Medical Education এর কাছ থেকে ID Code সংগ্রহ করবেন।

০৫. SMS এবং online এ আবেদন করার শুরুর তারিখ ১৭/০৭/২০১৬ সকাল ১০ ঘটিকায়। আবেদন করার শেষ তারিখ ৩১/০৭/২০১৬ রাত ১১-৫৯ মি.। প্রবেশপত্র বিতরণের তারিখ: ১৪/০৮/২০১৬ইং রবিবার হইতে ১৭/০৮/২০১৬ইং বুধবার পর্যন্ত। এছাড়া পরবর্তীতে প্রবেশপত্র ডাউনলোড সংক্রান্ত সময়সীমা SMS এর মাধ্যমে জানানো হবে। পরীক্ষার তারিখ ১৯/০৮/২০১৬ শুক্রবার। সময় ০১ ঘণ্টা (সকাল: ১০টা-১১টা)।

০৬. আবেদন ফি ৭০০/- টাকা। (প্রে-পেইড টেলিটকের মাধ্যমে)

০৭. স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত ভর্তি পরীক্ষার ফলাফল ও অপেক্ষমাণ তালিকা উভয় ক্ষেত্রে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৮. ভর্তির জন্য সাময়িকভাবে নির্বাচিত তালিকা এবং অপেক্ষমাণ তালিকা একই সাথে প্রকাশ করা হবে।

০৯. ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য স্ব স্ব IHT/MATS এর অধ্যক্ষের দপ্তর হতে জানা যাবে।

১০. স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট (www.dghs.gov.bd) হতেও বিস্তারিত জানা যাবে।

১১. OTA ও ICA নতুন ০২ (দুই)টি কোর্স ২০১৬-২০১৭ ইং শিক্ষাবর্ষ থেকে Dhaka IHT-তে চালু হবে।

**অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ**
পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোন : ৯৮৮৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২
Email: medicaledu313@gmail.com

DG-519/16 (7"x4)